

২৫। সমন প্রেরণের ক্ষমতা।— (১) পদমর্যাদায় <sup>১</sup>[রাজস্ব কর্মকর্তার] নিম্নে নহেন এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা তৎকর্তৃক এই আইনের উদ্দেশ্যে পরিচালিত যে কোন তদন্তে যে ব্যক্তির উপস্থিতি প্রয়োজন আছে বলিয়া বিবেচনা করেন, সাক্ষ্য দেওয়া বা কোন দলিলপত্র বা অন্যকোন বস্তু দাখিল করার জন্য সেই ব্যক্তির উপর, লিখিতভাবে সমন জারীর কারণ উল্লেখসহ, সমন জারী করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) অধীন সমনকৃত যে কোন ব্যক্তি উক্ত কর্মকর্তার নির্দেশ মোতাবেক সশরীরে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে উপস্থিত হইতে বাধ্য থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর Sections 132 ও 133 এর অধীনে কোন আদালতে ব্যক্তিগতভাবে উপস্থিত হওয়া হইতে অব্যাহতিপ্রাপ্ত কোন ব্যক্তিকে সশরীরে হাজির হওয়ার জন্য তলব করা যাইবে না।

(৩) কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক পরিচালিত যে কোন তদন্ত Penal Code (Act XLV of 1860) এর Sections 193 ও 228 এর অধীন বিচার বিভাগীয় কার্যধারা বলিয়া গণ্য হইবে।

---

<sup>১</sup>। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৮ (ক) বলে “সুপারিনটেনডেন্টের” শব্দটির পরিবর্তে “রাজস্ব কর্মকর্তার” শব্দগুলি প্রতিস্থাপিত।